# নন-লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন প্রবিধানমালা, ২০২৩

এস. আর. ও. নং --------আইন/ ২০২৩।- বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন) এর ধারা ১৪৮, ধারা ৪৩ এর সহিত পঠিতব্য এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ এতদ্বারা নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিলঃ

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**। — (১) এই প্রবিধানমালা "নন-লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন প্রবিধানমালা, ২০২৩" নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**। — (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায় —

(ক) ''আইন'' অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন);

(২) এই প্রবিধানমালায় যেই সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে, এই প্রবিধানমালায়ও উক্ত অর্থে প্রযোজ্য হইবে।

৩। **সম্পদের মূল্যায়ন**।— তফসিল ১ অনুসারে FORM – VA (VALUE OF ASSETS) মোতাবেক প্রত্যেক নন-লাইফ বীমাকারী সম্পদের মূল্যের একটি বিবরণী প্রস্তুত করিবেন।

৪। **দায়ের পরিমাণ নির্ধারণ**।— তফসিল ২ অনুসারে FORM – VL (VALUE OF LIABILITIES) মোতাবেক প্রত্যেক নন-লাইফ বীমাকারী দায়ের পরিমাণের একটি বিবরণী প্রস্তুত করিবেন।

৫। **সলভেন্সি মার্জিন নির্ধারণ**।—তফসিল ৩ অনুসারে FORM- RSM (REQUIRED SOLVENCY MARGIN) এবং FORM – SM (SOLVENCY MARGIN) মোতাবেক প্রত্যেক নন-লাইফ বীমাকারী সলভেন্সি মার্জিনের একটি বিবরণী প্রস্তুত করিবেন।

৬। **সলভেন্সি অনুপাত**। —এই প্রবিধানমালা জারীর সময় তফসিল ৩ এ উল্লিখিত নন-লাইফ বীমাকারীর সলভেন্সি অনুপাত হইবে কমপক্ষে ১ (এক)। কর্তৃপক্ষ যে কোনো সময় সলভেন্সির অনুপাত আদেশ দ্বারা পরিবর্তন করিতে পারিবে এবং এইরুপ আদেশ জারির তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে বীমাকারী সে অনুযায়ী সলভেন্সির অনুপাত সংরক্ষণ করিতে বাধ্য থাকিবে।

তফসিল ১

**সম্পদের মূল্যায়ন**

(প্রবিধান ৩ দ্রষ্টব্য)

১। সম্পদের মূল্য — (১) নিম্নের সম্পদগুলো শূন্যমূল্য হিসাবে গণ্য হইবে :

(ক) যেসকল ঋণ যখন তা আদায়যোগ্য নহে;

(খ) অআদায়যোগ্য প্রকৃতির অগ্রিমসমূহ;

(গ) আসবাবপত্র,স্থাপিত জিনিসপত্র, ডেড-স্টক, সফটওয়্যার ও স্টেশনারী মালামাল;

(ঘ) পূর্বপরিশোধিত খরচসমূহ;

(ঙ) লাভ ও ক্ষতির হিসাব সমন্বয় স্থিতি;

(চ) পুনঃবীমাকারীর তিন মাস অধিককালের অনাদায়ী স্থিতি;

(ছ) কোম্পানি গঠনে প্রাথমিক ব্যয়সমূহ;

(জ) Intangible সম্পদ;

(ঝ) অপরিশোধিত প্রিমিয়াম যাহা এক মাসের মধ্যে অথবা বীমা আইন, ২০১০ এর ধারা ৩২ মোতাবেক নিরীক্ষক কর্তৃক রিটার্ন স্বাক্ষর হওয়া পর্যন্ত, যেইটি পূর্বে ঘটে, সংগৃহীত হয় নাই;

(ঞ) এজেন্টের স্থিতি যাহা বীমা আইন, ২০১০ এর ধারা ৩২ মোতাবেক নিরীক্ষক কর্তৃক রিটার্ন স্বাক্ষর হওয়া পর্যন্ত সমন্বয় করা হয় নাই।

(২) নন-লাইফ বীমাকারীর অন্য সকল সম্পদ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (নন-লাইফ বীমা কোম্পানির আর্থিক বিবরণ ও নিরীক্ষকের প্রতিবেদন প্রস্তুতকরণ) প্রবিধানমালা, অনুসারে মূল্যায়ন করিতে হইবে।



15 MAR 2023
মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

## FORM - VA

(প্রবিধান ৩ দ্রষ্টব্য)

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (নন-লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন) প্রবিধানমালা, ২০২৩

৩১ ডিসেম্বর, ....................... খ্রিস্টাব্দে সম্পদের বিবরণ।

নন-লাইফ বীমাকারীর নাম ..........................................................................................

নিবন্ধন নম্বর ............................. নিবন্ধনের তারিখ ..........................................................

| ক্রমিক নম্বর | সম্পদের শ্রেণী | পরিমাণ (সহস্র এককে) |
|---|---|---|
| | (১) | (২) |
| ১ | নগদ এবং নগদতুল্য | |
| ২ | সরকারি সিকিউরিটিস (ফেয়ার ভ্যালু অথবা বাজারমূল্য এর মধ্যে যেটি কম হয়) | |
| ৩ | স্থায়ী আমানত (যে পরিমান আদায়যোগ্য হয়) | |
| ৪ | শেয়ারে বিনিয়োগ (ফেয়ার ভ্যালু অথবা বাজারমূল্য এর মধ্যে যেটি কম হয়) | |
| ৫ | মিউচুয়াল ফান্ড (ফেয়ার ভ্যালু, এনএভি এবং বাজার মূল্য এর মধ্যে যেটি কম হয়) | |
| ৬ | ডিবেঞ্চার/বন্ড (ফেয়ার ভ্যালু এবং বাজার মূল্য এর মধ্যে যেটি কম হয়) | |
| ৭ | অন্যান্য সিকিউরিটিস (ফেয়ার ভ্যালু অথবা বাজারমূল্য এর মধ্যে যেটি কম হয়) | |
| ৮ | সম্পত্তিতে বিনিয়োগ - স্থাবর সম্পত্তি (ক্রয় মূল্য, অথবা ফেয়ার ভ্যালু এর মধ্যে যেটি কম হয়) | |
| ৯ | অন্যান্য দৃশ্যমান (Tangible) সম্পদ। (ক্রয় মূল্য, অবচায়িত মূল্য, অথবা ফেয়ার ভ্যালু এর মধ্যে যেটি কম হয়) | |

15 MAR 2023
মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

তফসিল ২

(প্রবিধান ৪ দ্রষ্টব্য)

দায়ের মূল্যায়ন (নন-লাইফ বীমা)

১। দায় নির্ধারণ — নিম্নবর্ণিত দায়সমূহ একজন নন-লাইফ বীমাকারীর দায়রূপে গণ্য হইবে, যথা:

(ক) অপরিশোধিত দাবির বিপরীতে নিম্ন উপায়ে রিজার্ভ নির্ধারণ করিতে হইবেঃ

(i) যেইক্ষেত্রে বীমাকারীর অপরিশোধিত দাবির পরিমাণ জ্ঞাত সেইক্ষেত্রে উক্ত পরিমাণের সমুদয় রিজার্ভ করিতে হইবে;

(ii) যেইক্ষেত্রে অপরিশোধিত দাবির পরিমাণ বীমাকারী কর্তৃক যুক্তিসঙ্গতভাবে নিরুপণ করা যায় সেইক্ষেত্রে বীমাকারী প্রতিটি পলিসির ক্ষেত্রে প্রাসঙ্গিক বিষয় বিবেচনা করিয়া নির্ধারণ করিবেন অথবা কর্তৃপক্ষের আদেশ অনুযায়ী নির্ধারণ করিতে হইবে।

(খ) যেই ক্ষেত্রে দাবি সমূহ গৃহীত হইয়াছে কিন্তু তাহার প্রতিবেদন প্রদত্ত হয় নাই সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত একচ্যুয়ারিয়াল নীতিমালা অনুসরণ করিয়া নির্ধারণ করিতে হইবে।

(গ) মেয়াদ উত্তীর্ন না-হওয়া ঝুঁকির বিপরীতে নিম্নউপায়ে রিজার্ভ নির্ধারণ করিতে হইবে:

| ক্রম | ব্যবসার ধরণ | মেয়াদ উত্তীর্ন না-হওয়া ঝুঁকির বিপরীতে রিজার্ভের হার |
|---|---|---|
| i. | অগ্নি বীমা ব্যবসা | ৪০% |
| ii. | নৌ ( জাহাজ কাঠামো) ব্যবসা ব্যতীত অন্যান্য নৌ বীমা ব্যবসা। | ৫০% |
| iii. | নৌ-হাল (জাহাজ কাঠামো) ব্যবসা | ১০০% |
| iv. | মোটর ব্যবসা | ৪০% |
| v. | এভিয়েশন ব্যবসা | ১০০% |
| vi. | বিবিধ বীমা ব্যবসা | ৫০% |
| vii. | স্বাস্থ্য বীমা ব্যবসা | ১০০% |

(ঘ) অন্যান্য দায়

(i) মন্দ ও সন্দেহযুক্ত ঋণের বিপরীতে রিজার্ভ ;

(ii) ঘোষিত বা সুপারিশকৃত ডিভিডেন্ডের এবং পূর্ণ অপরিশোধিত ডিভিডেন্ড এর বিপরীতে রিজার্ভ;

(iii) করের বিপরীতে রিজার্ভ;

(iv) বিবিধ পাওনাদারের বিভিন্ন প্রাপ্য;

(v) অন্যান্য দায়;

(vi) সঞ্চিত প্রিমিয়াম;

(vii) অপ্রত্যাশিত ক্ষতির বিপরীতে রিজার্ভ;

(viii) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিকট হইতে ঋণ ও ঋণের অপরিশোধিত সুদ;

(ix) বীমা ব্যবসায়রত অন্য বীমা কোম্পানির নিকট বকেয়ার পরিমাণ;

(x) বকেয়া নেট দাবিসমূহ;

(xi) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য যে কোন দায়।

15 MAR 2023

মোহাম্মদ জয়নুল বারী

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

(ঙ) FORM - VL এ দায়মূল্যায়নের বিবরণ।

FORM - VL

(প্রবিধান ৪ দ্রষ্টব্য)

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (নন-লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন) প্রবিধানমালা, ২০২৩

৩১ ডিসেম্বর, ......................... খ্রিস্টাব্দে দায়মূল্যায়নের বিবরণ।

নন-লাইফ বীমাকারীর নাম ........................................................................

নিবন্ধন নম্বর ............................... নিবন্ধনের তারিখ .................................

| ক্রমিক নম্বর | বর্ণনা | মেয়াদ উত্তীর্ন না-হওয়া ঝুঁকির বিপরীতে সংরক্ষন | অপরিশোধিত দাবির বিপরীতে রিজার্ভ | আই.বি.এন.আর. সংরক্ষন | মোট সংরক্ষন |
|---|---|---|---|---|---|
| | (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) |
| ১ | অগ্নি | | | | |
| ২ | নৌ ( জাহাজ কাঠামো) ব্যবসা ব্যতীত অন্যান্য নৌ বীমা ব্যবসা। | | | | |
| ৩ | নৌ-হাল (জাহাজ কাঠামো) | | | | |
| ৪ | মোটর | | | | |
| ৫ | এভিয়েশন | | | | |
| ৬ | বিবিধ | | | | |
| ৭ | স্বাস্থ্য বীমা | | | | |
| ৮ | মোট দায় | | | | |

15 MAR 2023

মোহাম্মদ জয়নুল বারী

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

তফসিল ৩

(প্রবিধান ৫ দ্রষ্টব্য)

**নন-লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন নির্ধারণ**

১। ব্যাখ্যা। এই তফসিলে —

(ক) 'প্রকৃত সলভেন্সি মার্জিন' অর্থ নন-লাইফ সম্পদের মূল্যায়ন (FORM - VA) এবং দায় মূল্যায়নের (FORM - VL) এর মধ্যে পার্থক্য (FORM -VA এর সম্পদ — FORM- VL এর দায় )।

(খ) 'প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন' অর্থ FORM- RSM মোতাবেক নিরুপিত প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন।

(গ) 'সলভেন্সি অনুপাত' অর্থ প্রকৃত সলভেন্সি মার্জিনের পরিমাণ ও প্রয়োজনীয় সলভেন্সি মার্জিনের পরিমাণের অনুপাত।

২। সলভেন্সি মার্জিন নির্ধারণ।— প্রত্যেক বীমাকারী FORM- SM মোতাবেক প্রকৃত সলভেন্সি মার্জিন, প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন ও সলভেন্সি অনুপাত নির্ধারণ করিবেন।

FORM - RSM

(প্রবিধান ৫ দ্রষ্টব্য)

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (নন-লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন) প্রবিধানমালা, ২০২৩

নন-লাইফ বীমাকারীর নাম ..........................................................................

নিবন্ধন নম্বর ............................. নিবন্ধনের তারিখ ....................................

**টেবিল ১ - প্রিমিয়ামের উপর ভিত্তি করে সলভেন্সি মার্জিনের বিবরণ**

পরিমাণ সহস্র এককে

| ক্রমিক নম্বর | ব্যবসায়ের শ্রেণী | গ্রস প্রিমিয়াম (জি.পি.) | নেট প্রিমিয়াম (এন.পি.) | উৎপাদক (Factor) | উৎপাদক প্রয়োগের পর জি.পি. (জি.পি.এফ.) | এন.পি. এর ৪০% | জি.পি. এফ. এর ২৫% | প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন-১ (আরএসএম-১); কলাম (৭) ও কলাম (৮) এর সংখ্যার মধ্যে যেটি অধিক |
|---|---|---|---|---|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) | (০৬) কলাম (৩) X কলাম (৫) | (০৭) | (০৮) | (০৯) |
| ১ | অগ্নি | | | ০.৭০ | | | | |
| ২ | নৌ ( জাহাজ কাঠামো) ব্যবসা ব্যতীত অন্যান্য নৌ বীমা ব্যবসা। | | | ০.৬০ | | | | |
| ৩ | নৌ-হাল (জাহাজ কাঠাম) | | | ০.৬০ | | | | |
| ৪ | মোটর | | | ০.৭৫ | | | | |
| ৫ | এভিয়েশন | | | ১.০ | | | | |
| ৬ | বিবিধ | | | ০.৭০ | | | | |
| ৭ | স্বাস্থ্য বীমা | | | ১.০ | | | | |
| | মোট | | | | | | | |

টিকা:

১. ফরম ভিএ ও ভিএল এ যে তারিখের জন্য নিরুপণ করা হবে তার অব্যবহিত পূর্ববর্তী ১ বছরের গ্রস প্রিমিয়াম ও নেট প্রিমিয়াম হিসাবে নিতে হবে।



15 MAR 2023

মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

## টেবিল ২ - গৃহীত দাবির উপর ভিত্তি করে সলভেন্সি মার্জিনের বিবরণ

পরিমাণ
কোটি টাকা

| ক্রমিক নম্বর | ব্যবসায়ের শ্রেণী | গ্রস গৃহীত দাবি (জি.সি.) | নেট গৃহীত দাবি (এন.সি.) | উৎপাদক | উৎপাদক প্রয়োগের পর জি.সি. (জি.সি.এফ.) | এন.সি. এর ৫০% | জি.সি.এফ. এর ৩৫% | প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন-২ (আরএসএম-২); কলাম (৭) ও কলাম (৮) এর সংখ্যার মধ্যে যেটি অধিক |
|---|---|---|---|---|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) | (০৬) কলাম (৩) X কলাম (৫) | (০৭) | (০৮) | (০৯) |
| ১ | অগ্নি | | | ০.৮০ | | | | |
| ২ | নৌ ( জাহাজ কাঠামো) ব্যবসা ব্যতীত অন্যান্য নৌ বীমা ব্যবসা। | | | ০.৭০ | | | | |
| ৩ | নৌ-হাল (জাহাজ কাঠাম) | | | ০.৭০ | | | | |
| ৪ | মোটর | | | ০.৮৫ | | | | |
| ৫ | এভিয়েশন | | | ১.০ | | | | |
| ৬ | বিবিধ | | | ০.৭০ | | | | |
| ৭ | স্বাস্থ্য বীমা | | | ১.০ | | | | |
| | মোট | | | | | | | |

প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন = টেবিল ১ এর কলাম ৯ এর আর.এস.এম ১ এবং টেবিল ২ এর কলাম ৯ এর আর.এস.এম ২ মধ্যে যেটি বৃহত্তর।

15 MAR 2023
মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

# FORM- SM

(প্রবিধান ৫ দ্রষ্টব্য)

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (নন-লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন) প্রবিধানমালা, ২০২৩ প্রকৃত সলভেন্সি মার্জিন, প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন ও সলভেন্সি অনুপাতের বিবরণ

নন-লাইফ বীমাকারীর নাম ...........................................................................

নিবন্ধন নম্বর ................................ নিবন্ধনের তারিখ ...................................

| ক্রমিক নম্বর | বর্ণনা | পরিমাণ (কোটি টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) |
| ১. | সমন্বয়কৃত সম্পদ | | |
| ২. | মোট দায় | | |
| ৩. | শেয়ারহোল্ডারদের অন্যান্য দায় | | |
| ৪. | প্রাপ্তিসাধ্য সলভেন্সি মার্জিন<br>(এ.এস.এম.) = (১-২-৩) | | |
| ৫. | প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন<br>(আর.এস.এম.) | | |
| ৬. | সলভেন্সি অনুপাত<br>৪÷৫ অর্থাৎ<br>(এ.এস.এম.)/ (আর.এস.এম.) | | |

টীকা :

১) সমন্বয়কৃত সম্পদ FORM-VA এ উল্লেখিত সম্পদের মূল্য হইবে;
২) মোট দায় FORM- VL এ প্রদর্শিত মোট দায়ের পরিমাণ হইবে;
৩) অন্যান্য দায় স্থিতিপত্রে উল্লেখিত এবং অন্য কোন ভাবে শেয়ারহোল্ডারদের তহবিল হইতে উদ্ভুত অন্যান্য দায়ের (FORM- VL এর অন্তর্ভুক্ত নয়) পরিমাণ হইবে;
৪) এ.এস.এম (ASM) (Available Solvency Margin);
৫) FORM- RSM অনুযায়ী নিরুপিত প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন।

............................................ ................................................

নিরীক্ষকের স্বাক্ষর মুখ্য নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর

কর্তৃপক্ষের আদেশক্রমে
চেয়ারম্যান

15 MAR 2023
মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ